লিভিং ইন কমিউনিটিজ (LIVING IN COMMUNITIES, LINC) IV এবং V প্রোগ্রাম
বোঝার জন্য বাড়িওয়ালার বিবৃতি

বাড়িরওয়ালার নাম: ______________________________

লিভিং ইন কমিউনিটিজ (LINC) প্রোগ্রামের ("প্রোগ্রাম") আওতায়, সিটি অফ নিউ ইয়র্ক ("সিটি") LINC প্রোগ্রামের (প্রোগ্রামের ভাড়াটে) সুবিধা পেতে যোগ্য গ্রাহকদের ("প্রোগ্রামের অংশগ্রহণকারী") হয়ে গ্রাহকের কোনো ঘর ভাড়া নেওয়ার ক্ষেত্রে প্রয়োজনীয় মাসিক ভাড়ার ("LINC বাড়ি ভাড়া") একটি অংশ সরাসরি বাড়ির মালিককে প্রদান করে। প্রোগ্রামের ভাড়াটে আমাকে অর্থাৎ বাড়ির মালিককে ঘর ভাড়ার বাকি অংশ যা LINC বাড়ি ভাড়া এবং সরকারি আশ্রয় ভাতা সহায়তা দেওয়ার পরে বাকি থাকা পরিমাণ তা প্রদান করবে।

LINC প্রোগ্রামে অংশগ্রহণের শর্ত হিসাবে, আমি নিম্নলিখিত প্রতিশ্রুতি রাখছি:

1. আমি বুঝেছি যে আমি একটি এক বছরের লিজ এবং এক্সিবিট A আকারে সংযোজিত LINC স্ট্যান্ডার্ড লিজ রাইডার স্বাক্ষর করব, আমি আমার প্রোগ্রাম ভাড়াটের থেকে তার পরিবারের সদস্য সংখ্যা পরিবর্তন নির্বিশেষে ভাড়া এবং লিজের বা লিজের সম্পূর্ণ সময়ের রাইডারের নির্ধারিত ফি এর বেশি অর্থ নিতে পারব না এবং "সাইড ডিল" নিষিদ্ধ। আমি বুঝেছি যে, আমার দেওয়া এই প্রতিশ্রুতি আমি পালন না করলে, প্রোগ্রামের ভাড়াটের প্রতিকারের যেকোনো অধিকার যেমন তিনি প্রয়োগ করতে পারবেন তেমনি অন্যদিকে, সিটি আমাকে আগামী দিনে যেকোনো সিটি রেন্টাল অ্যাসিসট্যান্স প্রোগ্রামে অংশগ্রহণ করা থেকে বাধা দিতে পারবে। আমি বুঝেছি যে প্রোগ্রামের ভাড়াটের কাছে উপলভ্য প্রতিকারে ক্ষতি পুনরুদ্ধারের অধিকার থাকতে পারে এবং যদি লিজ কোন ভাড়া-সুস্থিত অ্যাপার্টমেন্টের জন্য হয় তাহলে প্রোগ্রামের ভাড়াটে ক্ষতির তিনগুণ পুনরুদ্ধারের অধিকারী।

2. আমি বুঝেছি যে, প্রোগ্রামের ভাড়াটেকে গরম পানি/জল এবং ঘর গরম রাখার ব্যবস্থা করে দেওয়ার দায়িত্ব আমারই এবং আমি তার জন্য আলাদা করে কোনো অর্থ চাইতে পারব না, বাড়ি ভাড়া দেওয়ার জন্য করা যেকোনো লিজে থাকা উল্লেখ সত্ত্বেও এবং অ্যাপার্টমেন্টের ইউনিটে বিশেষে আলাদা করে গরম পানি/জলের বা ঘর গরমের ব্যবস্থা করে দেওয়া সত্ত্বেও।

3. লিজ স্বাক্ষর হওয়ার সময় আমাকে প্রোগ্রামের ভাড়াটেকে অ্যাপার্টমেন্টের চাবি দিতে হবে।

4. আমি বুঝেছি যে সিটি মাসিক ভাড়ার যে পরিমাণ নির্ধারণ করেছে তা প্রদান করার দায় প্রোগ্রামের ভাড়াটের এবং সেই ভাড়া আমি অর্থ্যাৎ বাড়িওয়ালাকে মাসিক ভিত্তিতে দিতে হবে এবং লিজের মেয়াদ পর্যন্ত সেই পরিমাণ একই থাকবে। পরবর্তী সময়ে লিজ পুনর্নবীকরণ করার সময়, ঘর ভাড়া হিসাবে প্রোগ্রামের ভাড়াটেকে মাসিক কত অর্থ দিতে হবে এবং LINC বাড়ি ভাড়া হিসাবে কত অর্থ দেওয়া হবে তাও প্রোগ্রামের শর্তাবলী মেনে স্থির করা হবে এবং নেওয়া সিদ্ধান্ত বাড়ির মালিককে জানানো হবে। যদি প্রোগ্রামের ভাড়াটে প্রোগ্রামে দ্বিতীয় বছর বা পরবর্তী সময়ে পুনর্নবীকরণ না করায়, তাহলে বাড়িওয়ালা তা জানানো হবে।

5. আমি বুঝেছি যে, প্রোগ্রামের ভাড়াটেকে নিরাপদ কোনো জায়গায় সরিয়ে নিয়ে যাওয়ার কারণে বা সরিয়ে দেওয়ার কারণে তিনি অ্যাপার্টমেন্ট ছেড়ে দিলে বাড়ির মালিক অর্থাৎ আমি, LINC Rental Assistance Programs, 150 Greenwich Street, 36th Floor, New York, NY 10007 ঠিকানায় সিটিকে পাঁচ (5) কর্মদিবসের ভিতরে লিখে জানাবো এবং LINC বাড়ি ভাড়ার তরফ থেকে আগাম পাওয়া কোনো অর্থ সিটিকে ফেরত দিয়ে দেব।

6. আমি বুঝেছি যে, LINC প্রোগ্রামের বাড়ি ভাড়ায় বা লিজ রাইডার ব্যবহার করা নিয়ে কোনো আইনি বিচার শুরু হলে, বাড়ির মালিক অর্থাৎ আমি, তার পাঁচ (5) কর্মদিবসের ভিতরে অবশ্যই আইনি বিচারের লিখিত বিজ্ঞপ্তি জমা দেব। উক্ত বিষয়ের লিখিত বিজ্ঞপ্তি অবশ্যই এই ঠিকানায় পাঠাতে হবে - LINC Rental Assistance Programs, 150 Greenwich Street, 36th Floor, New York, NY 10007।

7. আমি নিশ্চিত করে বলছি এবং উপস্থাপন করছি যে যদি অ্যাপার্টমেন্ট ভাড়া স্থিতিশীলতার শর্তাধীন অথবা ভাড়ার যে পরিমাণ আইন ভাবে ধার্য করা যেতে পারে তার উপর অন্য কোন আইনি সীমাবদ্ধতা থাকলে (Mitchell-Lama আবাসনের মতো), লিজ এবং রাইডারে প্রদত্ত ভাড়া আইনিভাবে নির্ধারিত ভাড়া অতিক্রম করবে না। আমি সম্মত হচ্ছি যে, বাড়ি ভাড়া কোনো ক্ষেত্রে আইনি ভাবে ভাড়ার বেশি হলে, আইনি ভাবে নির্ধারিত ভাড়া প্রতিফলিত করতে লিজ এবং রাইডার সংশোধন করা হবে এবং আমার বা প্রোগ্রামর ভাড়াটের তরফ থেকে ব্যবস্থা নেওয়ার প্রয়োজন হবে না এবং প্রদত্ত মোট ভাড়া যাতে আইনি ভাবে নির্ধারিত ভাড়ার অঙ্ককে ছাড়িয়ে না যায় তাই সিটি LINC রেন্ট পেমেন্ট কমিয়ে দেবে। এছাড়াও আমি সম্মত হচ্ছি যে, আমার জন্য আইনভাবে নির্ধারিত ভাড়ার থেকে অতিরিক্ত কোন পেমেন্ট হয়ে থাকলে যেকোন সিটি LINC রেন্ট পেমেন্টের থেকে কাটা হতে পারে।

8. আমি বুঝেছি যে, প্রোগ্রামের ভাড়াটে লিজ বাতিল করতে পারে কারণ আমি লিজ বা রাইডার লঙ্ঘন করেছি অথবা আমার বিরুদ্ধে জানানো অভিযোগের বিচারের পরে অ্যাপার্টমেন্টের জন্য আমি যে অর্থ পেয়েছে বা অন্যান্য সুযোগসুবিধা আমাকে ফিরিয়ে দিতে বলা হলে, আমাকে দেওয়া যেকোনো সিকিউরিটি ডিপোজিট এবং/অথবা আগাম দেওয়া LINC বাড়ি ভাড়া ফেরত নিয়ে নেওয়ার অধিকার সিটির রয়েছে এবং আগামী দিনে যেকোনো সিটি রেন্টাল অ্যাসিসট্যান্স প্রোগ্রামে আমাকে অংশগ্রহণ করতে না দেওয়ার অধিকার রয়েছে।

9. আমি বুঝেছি যে, যদি বাড়িওয়ালা, উক্ত জায়গার মালিক বা জায়গার পরিচালক কোম্পানি বদলে গেলে আমাকে তা অবিলম্বে অবশ্যই এই ঠিকানায় লিখে সিটিকে জানিয়ে দিতে হবে - LINC Rental Assistance Programs, 150 Greenwich Street, 36th Floor, New York, NY 10007

10. আমি বুঝেছি যে, আমাকে কোনো কারণে বেশি অর্থ দেওয়া হলে গেলে বা ভুলবশতঃ অর্থ পেলে বা LINC প্রোগ্রামের জন্য আমার জমা দেওয়া কোনো ভুল, বিভ্রান্তিকর বা অসম্পূর্ণ তথ্যের কারণে আমি অর্থ পেলে বা বাড়ির মালিকের বোঝাপড়ার এই বিবৃতি অনুসারে থাকা কোনো আইনি বাধ্যবাধকতা আমি পালন না করার কারণে অর্থ পেলে তা আমি সত্বর সিটিকে ফেরত দিয়ে দেব। সিটির থাকা যেকোনো প্রতিকার ব্যবস্থাকে খর্ব না করেই, আমি আরো বুঝেছি যে, সিটির তরফ থেকে যদি আমাকে কোনো কারণে বেশি অর্থ দিয়ে ফেলা হয় তাহলে সেই বেশি অর্থ প্রোগ্রামের ভাড়াটের জন্য আগামী দিনের প্রদেয় LINC বাড়ি ভাড়া থেকে ভাড়াটের হয়ে কেটে নেওয়া হবে।

11. আমি বুঝেছি যে, আমাকে দেওয়া বাড়ি ভাড়ার চেক ভাঙানোর আগেই যদি তা অবৈধ হয়ে যায় তাহলে সেই চেক আবার নতুন করে পেতে সিটি অফ নিউ ইয়র্কের যে আবশ্যকতাগুলি রয়েছে তা পূরণ করার দায়িত্ব আমার।

12. LINC প্রোগ্রামের পরিচালনায় আমি সিটির সাথে সম্পূর্ণ ভাবে সহযোগিতা করব।

13. আমি বুঝেছি যে, সিটি সুবিধা পেতে বিবেচিত ব্যক্তিদের বাড়ি ভাড়া বাবদ নির্দিষ্ট অঙ্কের সহায়তা দিতে LINC প্রোগ্রাম বাস্তবায়ন করছে, তবে অর্থের যোগানের উপরে প্রোগ্রামটি নির্ভরশীল। আমি আরো বুঝেছি যে, কোনো ব্যক্তি বা সত্বাকে সিটির তরফ থেকে কোনো ধরনের অর্থ পাওয়ার নিশ্চয়তা দেওয়া হচ্ছে না এবং তাদের সঙ্গে কোনো চুক্তি বা লিজ করছে না, বা প্রোগ্রামের বিষয়ে আমাকে, প্রোগ্রামের ভাড়াটেকে বা অন্য কোনো ব্যক্তিকে কোনো ধরনের প্রতিশ্রুতি দিচ্ছে না।

প্রয়োজনীয় স্বাক্ষর

বাড়ির মালিকের বোঝাপড়ার এই বিবৃতি আমি পড়েছি এবং বুঝেছি।

____

তারিখ

____

বাড়ির মালিকের স্বাক্ষর

বাড়ির মালিকের বোঝাপড়ার বিবৃতির A অংশ
স্ট্যান্ডার্ড LINC লিজ রাইডার

LINC I, II, IV এবং V প্রোগ্রাম
অ্যাপার্টমেন্ট লিজের রাইডার

অ্যাপার্টমেন্ট লিজের রাইডার এদের মধ্যে ______________________ এবং ______________________
(বাড়িওয়ালা) (প্রোগ্রামের ভাড়াটে)

1. বাড়িওয়ালা এবং প্রোগ্রামের ভাড়াটে সম্মত হচ্ছে যে এই রাইডার এবং লিখিত অ্যাপার্টমেন্ট লিজের ("লিজ") শর্তের মধ্যে দ্বন্দ্বের ক্ষেত্রে এই রাইডারের শর্তাবলী প্রযোজ্য হবে। লিজ এবং এই রাইডার সংক্রান্ত সমপার্শ্বিক চুক্তি বৈধ হবে না, লিজ এবং এই রাইডারের ক্ষেত্রে কোন আইনি প্রভাব পড়বে না এবং আইনগতভাবে প্রয়োগযোগ্য নয়।

2. LINC প্রোগ্রাম ("প্রোগ্রাম") এ একজন অংশগ্রহণকারী হিসেবে প্রোগ্রামের ভাড়াটে সম্মত হচ্ছে যে, প্রোগ্রামের ভাড়াটে সিটি অফ নিউ ইয়র্ক ("সিটি") কে প্রোগ্রামের মাসিক ভাড়ার (প্রোগ্রামের ভাড়াটের মাসিক ভাড়ার থেকে বেশি) একটি অংশ সরাসরি বাড়িওয়ালাকে ("LINC রেন্ট পেমেন্ট") প্রদান করার অনুমতি দিচ্ছে।

3. বাড়িওয়ালা স্বীকার করছে যে LINC রেন্ট পেমেন্ট প্রযোজ্য সমস্ত নিয়ম এবং LINC প্রোগ্রামের আবশ্যকতার শর্তাধীন।

4. যদি বাড়িওয়ালা লিজ বা এই রাইডার লঙ্ঘন করে, তাহলে প্রোগ্রামের ভাড়াটে লিজ বাতিল করতে পারে।

5. বাড়িওয়ালা সম্মত হয়েছেন যে লিজ এবং এই রাইডারের শর্ত সংশোধন করা সত্বেও, যেকোন লিখিত বা মৌখিক লিজ এবং এই রাইডারে অনুমোদিত LINC প্রোগ্রাম ডুয়েলিং ইউনিট ("অ্যাপার্টমেন্ট") এর জন্য তিনি প্রোগ্রামের ভাড়াটের বা প্রোগ্রামের ভাড়াটের কোন সদস্য বা অন্য কোন সরকারি বা বেসরকারি উত্স থেকে কোন পেমেন্ট দাবি, অনুরোধ করবেন বা নেবেন না বা অন্য কিছু নেবেন না। এই অনুচ্ছেদ পাঁচ (5) এর লঙ্ঘনকে লিজ এবং এই রাইডারের লঙ্ঘন বলে গণ্য করা হবে। বাড়িওয়ালা বুঝেছে যে, প্রোগ্রামের ভাড়াটের প্রতিকার ছাড়াও এই শর্ত কোন কারণ লঙ্ঘিত হলে আগামী দিনে বাড়িওয়ালাকে সিটি রেন্টাল অ্যাসিসট্যান্স প্রোগ্রামে অংশগ্রহণ করা থেকে বাধা দিতে পারবে। প্রোগ্রামের ভাড়াটের কাছে উপলভ্য প্রতিকারে ক্ষতি পুনরুদ্ধারের অধিকার থাকতে পারে এবং যদি লিজ কোন ভাড়া-সুস্থিত অ্যাপার্টমেন্টের জন্য হয় তাহলে প্রোগ্রামের ভাড়াটে ক্ষতির তিনগুণ পুনরুদ্ধারের অধিকারী।

6. যদি প্রোগ্রামের ভাড়াটে বাড়িওয়ালার লিজ বা এই রাইডারের লঙ্ঘন করার কারণে লিজটি বাতিল করে অথবা বাড়িওয়ালার বিরুদ্ধে জানানো অভিযোগের বিচারের পরে লিজ এবং এই রাইডারে অনুমোদিত অ্যাপার্টমেন্টের প্রোগ্রামের ভাড়াটের মাসিক ভাড়ার থেকে তিনি যে বেশি অর্থ পেয়েছেন বা অন্যান্য সুযোগসুবিধা উনাকে ফিরিয়ে দিতে বলা হয় তাহলে সিকিউরিটি ডিপোজিট এবং/অথবা আগাম দেওয়া LINC বাড়ি ভাড়া ফেরত নিয়ে নেওয়ার অধিকার সিটির রয়েছে এবং আগামী দিনে যেকোনো সিটি রেন্টাল অ্যাসিসট্যান্স প্রোগ্রামে উনাকে অংশগ্রহণ করতে না দেওয়ার অধিকার রয়েছে।

7. বাড়িওয়ালাকে এই রাইডারের (a) অধীনে সম্মত এবং আইন অনুসারে ঘর গরম করার ব্যবস্থা প্রদান করতে হবে এবং (b) অ্যাপার্টমেন্টের বাথরুম এবং রান্নাঘরের বেসিনের জন্য গরম এবং ঠান্ডা পানি প্রদান করতে হবে। প্রোগ্রাম ভাড়াটে লিজ, এই রাইডারের শর্তাবলী এবং প্রযোজ্য আইন অনুসারে আবাসনের ওয়্যারেন্টির অধীনে অধিকার প্রয়োগ করতে পারে। গরম পানি/জল এবং ঘর গরম রাখার ব্যবস্থা করে দেওয়ার দায়িত্ব বাড়িওয়ালার, এর জন্য আলাদা করে কোনো অর্থ চাইতে পারবে না, বাড়ি ভাড়া দেওয়ার জন্য করা যেকোনো লিজে থাকা উল্লেখ সত্ত্বেও এবং অ্যাপার্টমেন্টের ইউনিটে বিশেষে আলাদা করে গরম পানি/জলের বা ঘর গরমের ব্যবস্থা করে দেওয়া সত্ত্বেও। যদি বাড়িওয়ালা গরম পানি/জল এবং ঘর গরম রাখার ব্যবস্থার খরচ দিতে না পারলে, সেটিকে লিজ এবং এই রাইডার লঙ্ঘন করা হয়েছে বলে ধরা হবে।

8. বাড়িওয়ালা জানিয়েছে যে বাড়িওয়ালা ______________ *(প্রয়োজন অনুসারে স্বাক্ষর করুন)* অথবা ______________ *(প্রয়োজন অনুসারে স্বাক্ষর করুন)* NYC প্রশাসনিক আইন 27-2056.8 অনুসারে টার্নওভার প্রয়োজনীয়তা বাধ্যমূলক হলেও তাতে সীমিত না থেকে নিউ ইয়র্ক সিটি চাইল্ডহুড লিড পয়েজনিং প্রিভেনশন আইন, 2004 এর নিউ ইয়র্ক সিটির লোকাল আইন মেনে চলবে। ____________। *(এখানে স্বাক্ষর করুন)*
বাড়িওয়ালা সম্মত হয়েছে যে, প্রোগ্রামের ভাড়াটের অনুরোধে, বাড়িওয়ালা প্রোগ্রামের ভাড়াটেকে নথি প্রদান করবে যেখানে অ্যাপার্টমেন্টের জন্য বাড়িওয়ালা উপরে উল্লিখিত টার্নওভার আবশ্যকতা ("টার্নওভার নথি") পূরণ করেছে তা বলা থাকবে।

9. প্রোগ্রামের ভাড়াটে স্বীকার করছেন যে তিনি বাড়িওয়ালার থেকে টার্নওভার নথির অনুরোধ করতে পারেন ______________।
(এখানে স্বাক্ষর করুন)

10. বাড়িওয়ালা জানিয়েছে যে বাড়িওয়ালা ______________ *(প্রয়োজন অনুসারে স্বাক্ষর করুন)* প্রদান করেছে অথবা ______________ *(প্রয়োজন অনুসারে স্বাক্ষর করুন)* প্রদান করবে প্রোগ্রামের ভাড়াটে (a) NYC প্রশাসনিক আইন 17-179(b) নিউ ইয়র্ক সিটির স্বাস্থ্য ও মানসিক স্বাস্থ্যবিধি বিভাগ (New York City Department of Health and Mental Hygiene) দ্বারা তৈরী করা বিলিপত্র, যেখানে সীসা আছে এমন রঙ সংক্রান্ত বিপত্তি (b) NYC প্রশাসনিক আইন 27-2056.4(a) অনুসারে প্রোগ্রামের ভাড়াটে এর অ্যাপার্টমেন্টের অনুসন্ধানের লিখিত ফলাফল মেনে চলবে।

11. বাড়িওয়ালা জানিয়েছে যে বাড়িওয়ালা ______________ *(প্রয়োজন অনুসারে স্বাক্ষর করুন)* অথবা ______________ *(প্রয়োজন অনুসারে স্বাক্ষর করুন)* প্রোগ্রামের ভাড়াটেকে (a) EPA- অনুমোদিত সীসা থাকা রঙের বিপত্তি সম্পর্কিত তথ্য বিলিপত্র এবং (b) প্রোগ্রামের ভাড়াটের অ্যাপার্টমেন্ট সীসা থাকা রঙের এবং/অথবা সীসা থাকা রঙের এবং/অথবা সীসা থাকা রঙের বিপত্তি সম্পর্কিত উপলভ্য কোন রেকর্ড বা রিপোর্ট প্রদান করা সহ, কেবল এতে সীমিত না থেকে ফেডারেল নিয়মাবলী অংশ 745 এর 40 এর প্রযোজ্য শর্ত মেনে চলবে।

12. বাড়িওয়ালা নিশ্চিত করেছে এবং জানিয়েছে যে কর, মূল্যায়ন, পানি/জলের ভাড়া এবং নর্দমার ভাড়া বাড়িওয়ালার থেকে নেওয়া হয়েছে এবং উক্ত সম্মতি তারই তা সহ, তাতে সীমিত না থেকে বাড়িওয়ালার সিটির কাছে কোন বাধ্যবাধকতা নেই।

13. বাড়িওয়ালা নিশ্চিত করেছেন যে যেখানে অ্যাপার্টমেন্টটি অবস্থিত সেটি বাজেয়াপ্ত নয় এবং যদি কোন বাজেয়াপ্ত অমীমাংসিত থাকে তাহলে বাড়িওয়ালা তা সিটিকে জানিয়েছেন।

14. LINC রেন্ট পেমেন্ট এবং প্রোগ্রামের ভাড়াটের মাসিক ভাড়ার অংশ প্রতি মাসে দেওয়া আবশ্যক, তবে প্রোগ্রামের ভাড়াটের সরকারি আশ্রয় ভাতা সহায়তার দ্বারা কভার করা প্রোগ্রামের ভাড়াটের অংশ ব্যতিক্রমে, যা সিটি সরাসরি বাড়িওয়ালাকে মাসে দুটি কিস্তিতে পাঠাবে যতদিন ভাড়াটে আশ্রয় ভাতা পাওয়ার অধিকারী থাকবে। বাড়িওয়ালাকে ভাড়া প্রদানের জন্য প্রোগ্রামের ভাড়াটে বা LINC রেন্ট পেমেন্টের জন্য সিটিকে কোন বিজ্ঞপ্তি পাঠাতে হবে না। ভাড়া অবশ্যই কোন কর্তন ছাড়া সম্পূর্ণ প্রদান করতে হবে। বর্তমান মাসের ভাড়ার সাপ্তাহিক হারের ভাগ, প্রথম সম্পূর্ণ মাসের (ভাড়াটে তার অর্থ না দিলে) জন্য মাসিক ভাড়া, পরবর্তী তিন মাসের LINC রেন্ট পেমেন্ট, এক মাসের ভাড়ার সমান সিকিউরিটি ডিপোজিট ভাউচার এবং ব্রোকার ফি (প্রযোজ্য হলে) লিজ এবং এই রাইডার কার্যকর করার সময় প্রদান করা হবে।

15. বাড়িওয়ালা জানিয়েছে যে অ্যাপার্টমেন্ট *(একটিতে টিক দিন)*:

☐ ভাড়া স্থিতিশীলতার শর্তাধীন

☐ ভাড়া স্থিতিশীলতার শর্তাধীন <u>নয়</u>

☐ যে পরিমাণ ভাড়া ধার্য করা হবে তার আইনি সীমাবদ্ধতার শর্তাধীন

____________।
(এখানে স্বাক্ষর করুন)

16. বাড়িওয়ালা জানিয়েছে যে অ্যাপার্টমেন্টের স্টেট ডিভিশন অব হাউজিং এন্ড কমিউনিটি রিনিউয়ালের (Division of Housing and Community Renewal's, "DHCR") বিল্ডিং রেজিস্ট্রেশন আইডেন্টিফিকেশন নম্বর হল ______________________________। ______________।

(এখানে স্বাক্ষর করুন)

17. যদি অ্যাপার্টমেন্টটি ভাড়া স্থিতিশীলতার শর্তাধীন হয়, তাহলে বাড়িওয়ালাকে নিশ্চিত করতে হবে যে লিজে উল্লিখিত ভাড়া এবং এই রাইডার আইনিভাবে স্থিতিশীল ভাড়া অতিক্রম করবে না এবং উপরে এইসব ক্ষেত্রের সঠিক DHCR রেজিস্ট্রেশন নম্বর দেওয়া আছে।

18. যদি অ্যাপার্টমেন্টটি ভাড়া স্থিতিশীলতার শর্তাধীন হয়, তাহলে বাড়িওয়ালা DHCR এর মাধ্যমে ভাড়া ও পরিষেবা রেজিস্টার করে না থাকলে উক্ত অ্যাপার্টমেন্ট ত্রিশ (30) দিনের মধ্যে Rent Registration Unit এর কাছে রেজিস্টার করুন। যদি অ্যাপার্টমেন্টটি প্রথমে রেজিস্টার করার পর ভাড়া দেওয়া হয়, তাহলে বাড়িওয়ালাকে বার্ষিক রেজিস্ট্রেশনের সময় DHCR এর মাধ্যমে ভাড়া ও পরিষেবা রেজিস্টার করতে হবে।

19. যদি অ্যাপার্টমেন্ট রেফারেন্স দ্বারা এখানে অন্তর্ভুক্ত "নিউ ইয়র্ক শহরে অ্যাপার্টমেন্ট হাউস ভাড়াটেদের জন্য ভাড়া স্থিতিশীল রাইডার" এবং লিজের একটি অংশ করা হয় তাহলে এই শর্ত প্রযোজ্য হবে।

20. বাড়িওয়ালা নিশ্চিত করছেন এবং উপস্থাপন করছেন যে অ্যাপার্টমেন্ট নম্বর ______________________________ যা ________________________ এ অবস্থিত, সেটি প্রোগ্রামের ভাড়াটের সর্বোচ্চ মাসিক ভাড়া __________ পরিমাণে লিজ দেওয়া হয়েছে, প্রোগ্রামের ভাড়াটের আসার আগে সরাসরি ____________________ এর লিজে যেমন বলা আছে।

21. প্রোগ্রামের ভাড়াটে এবং বাড়িওয়ালা স্বীকার করছে যে, সিটি সুবিধা পেতে বিবেচিত ব্যক্তিদের বাড়ি ভাড়া বাবদ নির্দিষ্ট অঙ্কের সহায়তা দিতে LINC প্রোগ্রাম বাস্তবায়ন করছে, তবে অর্থের যোগানের উপরে প্রোগ্রামটি নির্ভরশীল। প্রোগ্রামের ভাড়াটে এবং বাড়িওয়ালা আরো স্বীকার করছেন যে, কোনো ব্যক্তি বা সত্বাকে সিটির তরফ থেকে কোনো ধরনের অর্থ পাওয়ার নিশ্চয়তা দেওয়া হচ্ছে না এবং তাদের সঙ্গে কোনো চুক্তি বা লিজ করছে না, বা প্রোগ্রামের বিষয়ে বাড়িওয়ালাকে, প্রোগ্রামের ভাড়াটেকে বা অন্য কোনো ব্যক্তিকে কোনো ধরনের প্রতিশ্রুতি দিচ্ছে না।

22. যদি প্রোগ্রামের ভাড়াটে অ্যাপার্টমেন্ট খালি করে এবং/অথবা আইনি কার্যধারা কারণে LINC প্রোগ্রামের ভাড়াটেস্বরূপ অধিকার বা এই রাইডার প্রভাবিত হয়, তাহলে বাড়িওয়ালাকে অবশ্যই অ্যাপার্টমেন্ট খালির বিজ্ঞপ্তি দিতে হবে এবং/অথবা উক্ত ঘটনার পাঁচ (5) কর্মদিবসের মধ্যে আইনি কার্যধারা করতে হবে। উক্ত ক্ষেত্রের বিজ্ঞপ্তি অবশ্যই এখানে পাঠাতে হবে:

LINC Rental Assistance Program
150 Greenwich Street, 36th Floor
New York, NY 10007

বাড়িওয়ালা	**প্রোগ্রামের ভাড়াটে**
______________________	______________________
স্বাক্ষর	স্বাক্ষর
______________________	______________________
প্রিন্ট করা নাম	প্রিন্ট করা নাম
______________________	______________________
তারিখ	তারিখ